# ক্যামব্রিজ

# IELTS 15

## (General Training) Passage

Recent Bazar

**Saifur Rahman Khan**

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ➢ **2025**

**Published By** ➢ **S@ifur's Publication**

**Copyright ©** ➢ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

**Compose & Design**

Md. Al-Mamun Ferdous; Abdul Kuddus Sheikh

***Price: Tk. 200 (Fixed); US $ 8 only***

Recent Bazar

# Table of Contents

## Test-1


**Section # 01** : Consumer advice .................... **001**
**Section # 02** : Safety when working on roofs .................... **009**
: Maternity Allowance for working women .................... **014**
**Section # 03** : The California Gold Rush of 1849 .................... **017**
* **Facebook**-এ **IELTS** গ্রুপ থেকে পাওয়া .................... **032**


## Test-2


**Section # 01** : Harvey's Storage .................... **037**
: Local museums .................... **041**
**Section # 02** : Workplace health and safety considerations for plumbers .................... **046**
: How to manage flexible working with your employees .................... **050**
**Section # 03** : Preventing the theft of turtle eggs .................... **054**
* **IELTS**-এ ***vocabulary*** নিয়ে ***direct*** প্রশ্ন থাকে না .................... **068**


## Test-3


**Section # 01** : Young Fashion Designer UK competition .................... **071**
: Which keyboard should you buy? .................... **075**
**Section # 02** : Working for a small company may be better than you think .................... **080**
: Starting a new job .................... **084**
**Section # 03** : How animals keep fit .................... **090**
* প্রচলিত আরেকটি ভুল পরামর্শ .................... **102**
* আমি ছোটকাল থেকে কখনোই **English to English** শিখি নাই .................... **103**


## Test-4


**Section # 01** : New cycle path to Marshbrook Country Park .................... **107**
**Section # 02** : How to make your working day more enjoyable .................... **116**
**Section # 03** : Animals can tell right from wrong .................... **125**
* **IELTS**-এ রিডিং **passage** কখনোই রিপিট হবে না, .................... **135**
* খালি টেকনিক শিখতে চাচ্ছো .................... **137**
* আরেকটা ভুল = **passage**-টা কোন্ ধরনের .................... **140**
* চিন্তার খোরাক !!! .................... **144**
* ১-টি চ্যালেঞ্জিং কুইজ .................... **145**
* কোথায় **IELTS** কোচিং **best** হবে .................... **159**


Recent Bazar

## From Saifur Rahman Khan

### এই বই থেকে

### তুমি সবচেয়ে বেশি **benefitted** হবে,

যদি তুমি নিচের ৩-টি কাজ করো:

১। Test-এর ব্যাখ্যা পড়ার আগে actual পরীক্ষার মতো ঘড়িতে সময় ধরে Reading Module-টি solve করে Answer-গুলো লিখো।

২। এর পরে **Cambridge-15**-এর শেষে দেয়া answer-গুলো মিলিয়ে নিজেকে marking করো।

৩। এর পর পরের পৃষ্ঠা থেকে লেখা ব্যাখ্যাগুলো পড়া শুরু করো।

এভাবে প্রতিটি Test-এ একই কাজ repeat করো।

প্রথমে নিজে solve না করে

আগেই উত্তর দেখে ফেললে যেমন বেশি লাভ হয় না,

তেমনি এই ব্যাখ্যাটা আগেই পড়ে ফেললে

**তোমার দুর্বলতাগুলো তুমি ধরতে পারবে না।**

**ফলে ঐ ধরনের ভুলগুলো তুমি real exam-এ আবার করবে।**

তাই আগে test-টা **টেস্টের মতো করে দাও,**

তারপর নিজেকে ***marking*** করো, পরে ব্যাখ্যা পড়ো।

আল্লাহ হাফেজ।

Recent Bazar

# Test-1

## Section # 01

### STEP - 01

প্যাসেজের Title ও Subtitle-টা মন দিয়ে পড়লাম:

## Consumer advice (= ভোক্তার জন্য পরামর্শ)

*What to do if something (which) you ordered hasn't arrived*
{ কী করতে হবে যদি কিছু (যেটা) আপনি অর্ডার করেছিলেন না এসে থাকে }

তার মানে, *consumer* বা ভোক্তা কোনো জিনিস *order* দেয়ার পর যদি সেটা ঠিকমতো না আসে, তাহলে ভোক্তা কী করবে, সে সম্পর্কে কিছু *advice* বা পরামর্শ এই প্যাসেজে দেয়া হয়েছে।

### STEP - 02

সরাসরি প্রশ্নে যেয়ে প্রথমেই পেলাম **TRUE / FALSE**। Q # **1**-এর বাক্যটা মন দিয়ে পড়লাম:

*You will receive a card telling you if an item has been left with a neighbour.*
(আপনি পাবেন একটি কার্ড যেটা জানাবে আপনাকে *if* একটা জিনিস রেখে যাওয়া হয়েছে একজন প্রতিবেশীর নিকট।)

= *You will receive a card which tells you if an item has been left with a neighbor.*

উপরের বাক্যটিতে '*if*' অর্থ 'যদি' নয়, বরং এখানে '*if*'-এর অর্থ *whether* অর্থাৎ 'কিনা'। তার মানে, আপনি একটি কার্ড পাবেন যেখানে আপনাকে জানানো হবে আপনার অর্ডার করা *item* বা জিনিসটা আপনার কোনো প্রতিবেশীর কাছে রেখে যাওয়া হয়েছে কিনা – প্রশ্নের বক্তব্য এটাই।

Recent Bazar

### STEP - 03

Passage-এ ফেরত যেয়ে প্রশ্নের '*neighbour*' শব্দটি খুঁজে পেলাম 1st para-র $4^{th}$ line-এ। বাক্যটা এবার মন দিয়ে পড়া যাক:

*If your item wasn't delivered to the location you agreed (e.g. if it was left with your neighbour without your consent), it's the seller's legal responsibility to sort out the issue.*
অর্থাৎ, যদি আপনার *item*-টা আপনার পছন্দমতো জায়গায় পৌঁছানো না হয়, (যেমন যদি এটা আপনার সম্মতি ছাড়াই আপনার কোনো প্রতিবেশীর কাছে রেখে যাওয়া হয়), সেক্ষেত্রে এটা হলো বিক্রেতার আইনগত দায়িত্ব বিষয়টি সমাধান করা। উপরের লাইনগুলোতে # **1**-এর *receive a card* নিয়ে কিছু বলা হয়নি, তার মানে, **1**-এর উত্তর হবে **NOT GIVEN**।

## STEP - 04

পরের প্রশ্নে যাওয়া যাক:

*It may be quicker to get a refund than a replacement for a non-delivered item.*
(একটি অসরবরাহকৃত জিনিসের বদলে একটা বিকল্পের চেয়ে এটা হতে পারে বেশি দ্রুততর একটা রিফান্ড পাওয়া।)

তার মানে, একটি অসরবরাহকৃত *item*-এর ক্ষেত্রে এটির বদলে অন্য একটি জিনিস পাওয়ার চেয়ে টাকা ফেরত পাওয়াটা দ্রুততর হতে পারে।

## STEP - 05

Passage-এ ফেরত যেয়ে ঠিক পরের বাক্যে পেলাম:

*If the item doesn't turn up, you're legally entitled to a replacement or refund.*

অর্থাৎ, যদি *item*-টা পাওয়া না যায়, তাহলে আপনি আইনগতভাবে অধিকারপ্রাপ্ত এটির বদলে অন্য একটি জিনিস পাওয়ার বা টাকা ফেরত পাওয়ার।

### শব্দের অর্থ

| | | | | |
|---|---|---|---|---|
| ***turn up*** | (টার্‌ন্ আপ্) | = | (কোনো কিছু) পাওয়া যাওয়া | । |
| ***be entitled*** | (এন্-টাইট্‌ল্ড্) ***to xyz*** | = | *xyz* পাওয়ার অধিকারপ্রাপ্ত | । |

উপরের বাক্যে *refund* অর্থাৎ টাকা ফেরত পাওয়া এবং *replacement*-এর মধ্যে কোন্‌টি *quicker* তথা বেশি তাড়াতাড়ি পাওয়া যাবে, সে সম্পর্কে কিছু বলা হয়নি। তাই, **2**-এর উত্তর হবে: **NOT GIVEN**।

## STEP - 06

এবার Question **3** মন দিয়ে পড়লাম:

*You are entitled to a refund if the item fails to arrive by a certain time.*
(আপনি অধিকারপ্রাপ্ত একটা রিফান্ড পেতে যদি item-টা একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আসতে ব্যর্থ হয়।)

## STEP - 07

*Synonym*

দ্রুত প্যাসেজে যেয়ে **2**-এর উত্তরের জন্য যে পর্যন্ত পড়া হয়েছিলো, ঠিক তার পরের sentence-এই পেলাম:

*You can ask for your money back if you don't receive the item within 30 days of buying it.*

তার মানে, একটি জিনিস ক্রয় করার ৩০ দিনের মধ্যে যদি আপনি জিনিসটি না পান, তাহলে আপনি আপনার টাকা ফেরত চাইতে পারেন। তাহলে বোঝাই যাচ্ছে, **3**-এর উত্তর হবে: **TRUE**।

Recent Bazar

## STEP - 08

এবার Question **4** মন দিয়ে পড়লাম:
*There is a time limit when using the 'chargeback' scheme for a debit card payment.*
(= *debit* কার্ডের মাধ্যমে *payment*-এর ক্ষেত্রে *'chargeback' scheme* ব্যবহার করার সময় একটি সময়সীমা থাকে।)

## STEP - 09

Passage-এ গিয়ে যে পর্যন্ত পড়া হয়েছে, তার পর থেকে দ্রুত চোখ বুলিয়ে প্রশ্নের *'chargeback'* শব্দটিকে খুঁজে বের করি। ঠিক ৫ লাইন পরেই খুঁজে পেলাম *'chargeback'* শব্দটি। বাক্যটা তাহলে এবার মন দিয়ে পড়া যাক:

*If you paid by debit card, contact your bank and say you want to use the 'chargeback' scheme.*

এর ঠিক ২ লাইন পরেই পেলাম: *You should do this within 120 days of when you paid.*

উপরের লাইনগুলোতে পরিষ্কার বলা হলো যে, *debit* কার্ডের মাধ্যমে *payment* করার ১২০ দিনের মধ্যে ক্রেতার *'chargeback' scheme*-টি ব্যবহার করার জন্য ব্যাংকের সাথে যোগাযোগ করা উচিত। তার মানে, একটা *time limit* বা সময়সীমা থাকে। অতএব, **4**-এর answer **TRUE**।

## STEP - 10

\# **5** প্রশ্নটি এবার মন দিয়ে পড়লাম:
*You can use the 'chargeback' scheme for a credit card payment of* <u>*more than £100*</u>.
(আপনি ব্যবহার করতে পারেন *'chargeback'* স্কিমটি ১০০ পাউন্ডের বেশি *credit* কার্ড *payment*-এর জন্য।)

উল্টা কথা

## STEP - 11

4-এর answer যেখানে পেয়েছিলাম, Passage-এ ফেরত যেয়ে তার পরের ২ লাইন মন দিয়ে পড়লাম:
*If you paid by credit card and the item cost* <u>*less than £100*</u>, *you should contact your credit card company and say you want to use the 'chargeback' scheme.* (অর্থাৎ, আপনি যদি *credit card* দ্বারা *payment* করে থাকেন এবং *item*-টার দাম যদি ১০০ পাউন্ডের কম হয়, তাহলে আপনার *credit card* কোম্পানির সাথে যোগাযোগ করা উচিত এবং তাদেরকে বলা উচিত যে, আপনি *'chargeback' scheme*-টি ব্যবহার করতে চান। অতএব, **5**-এর উত্তর হবে **FALSE**।

Recent Bazar

## STEP - 12

এবার পরের প্রশ্নটি মন দিয়ে পড়া যাক:

**6.** *PayPal's online resolution centre has a good reputation for efficiency.*
(*PayPal*-এর অনলাইন *resolution centre*-এর যথেষ্ট সুখ্যাতি রয়েছে এর কার্যকারিতার জন্য।)

## STEP - 13

দ্রুত Passage-এ যেয়ে *PayPal's online resolution centre* খুঁজে পেলাম শেষ লাইনের আগের লাইনে।

বাক্যটা মন দিয়ে পড়লাম:

***dispute*** = তর্ক; ভিন্নমত। ***efficiency*** = কার্যকারিতা

*If you paid using PayPal, use PayPal's online resolution centre to report your dispute.*
অর্থাৎ, আপনি যদি *PayPal* ব্যবহার করে *Pay* করে থাকেন, তাহলে আপনি *PayPal*-এর *online resolution centre*-টি ব্যবহার করুন আপনার কোনো বিষয়ে ভিন্নমত থাকলে তার রিপোর্ট করার জন্য। এই বাক্যে *PayPal's online resolution centre*-এর *reputation* বা সুখ্যাতি নিয়ে কিছু বলা হয়নি।
তাই # **6**-এর উত্তর **NOT GIVEN**।

মাত্র পাঁচ মিনিটেই solve হয়ে গেলো এই ছয়টা প্রশ্ন।

Recent Bazar

## STEP - 14

এবার পরের Text-টির Title ও Subtitle-টি পড়ে নেয়া যাক:

**Rice cookers**

***What's the best rice cooker for you?***

তার মানে, এখানে বিভিন্ন ধরনের *Rice cookers* সম্পর্কে বলা হয়েছে।



*Rice cooker*

## STEP - 15

দ্রুত প্রশ্নে যেয়ে **7 – 14**-এ কতগুলো বাক্য পেলাম। কোন্ বক্তব্যটি কোন্ *Rice cooker*-এর জন্য প্রযোজ্য, তা আগের page-এ দেয়া পাঁচটি *Rice cooker*-এর reviews **(A-E)** থেকে বের করতে হবে।

## STEP - 16

এই ধরনের প্রশ্নের উত্তরগুলো serial maintain করে না। আবার, **7-14**-এর সবগুলো বক্তব্য পড়ে ফেললে এত তথ্য মাথায় জট পাকিয়ে যাবে। কিছুই মনে থাকবে না। প্রথমে মন দিয়ে 7, 8, 9 ও 10-এর বক্তব্য পড়লাম।

07. *The handles at the side are hard to use.* (= পাশের হাতলগুলো ব্যবহার করা কঠিন।)

08. *It cookss brown rice without making a mess.*
(এটি রান্না করে বাদামি চাল নোংরা করা ছাড়াই।)

*make a mess* = নোংরা করে ফেলা;
*switch* (সুইচ্) = পরিবর্তন করা।

09. *It automatically switches setting to keep the rice warm when cooked.*
(এটি স্বয়ংক্রিয়ভাবে *setting* পরিবর্তন করে ফেলে ভাতকে গরম রাখতে যখন রান্না হয়ে যায়।)

10. *It's difficult to get the removable top really clean.*
{এটির *removable* (= সরানো যায় এমন) উপরের অংশটিকে ভালোভাবে পরিষ্কার করা কঠিন।}

## STEP - 17

দ্রুত Text-এ ফেরত যেয়ে **(A)**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম। শেষ **2** লাইনে পেলাম:
*There are slight dirt traps* (= ফাঁদ) *around the rim of the lid, and neither the pot nor the lid is dishwasher safe.* অর্থাৎ, ঢাকনাটির কিনারার চারদিকে সামান্য *dirt traps* আছে (মানে যেখানে ময়লা আটকে থাকে) এবং পাত্র ও *lid* অর্থাৎ ঢাকনার কোনোটাই *dishwasher* নিরাপদ নয়। তার মানে, ঢাকনি ও পাত্রের কোনোটাকেই *dishwasher* দিয়ে পরিষ্কার করা যাবে না। অতএব পরিষ্কার বোঝা গেলো, এই ধরনের *Rice cooker*-এর উপরের অংশ অর্থাৎ ঢাকনিটিকে ভালোরূপে পরিষ্কার করা কঠিন।

## STEP - 18

উপরের ব্যাপারটাই **10** নং-এ পেলাম: *It's difficult to get the removable top really clean.*

তার মানে, **10**-এর উত্তর: **A**।

Recent Bazar

### STEP - 19

Passage-এ ফেরত যেয়ে এবার B-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম। 2nd sentence-য়েই পেলাম: *The lid locks when closed and becomes a* *__secure__* *handle to carry the cooker.*

অর্থাৎ, ঢাকনাটি *lock* হয়ে যায় যখন এটিকে বন্ধ করে দেয়া হয় এবং (এটি) একটি নিরাপদ হাতলে পরিণত হয় *cooker*-টিকে বহন করে নিয়ে যাওয়ার জন্য।

***Synonym***

### STEP - 20

দ্রুত প্রশ্নে যেয়ে উপরে *cooker*-এর যে বৈশিষ্ট্যের কথা বলা হলো, সেটা খুঁজে পেলাম **12**-এ:

*It has a handle at the top for carrying the cooker* *__safely__*.

তার মানে, **12**-এর answer **(B)**।

### STEP - 21

প্রশ্নে বলা হয়েছে: *You may use any letter more than once.* তার মানে, একই para-তে দুটি প্রশ্নের উত্তর থাকতে পারে। তাই **(B)**-এর পরের লাইনগুলো মন দিয়ে পড়ে শেষ ২ লাইনে পেলাম:

*It’s programmed to adjust the temperature once the rice is done so that it stops cooking but doesn’t get cold.* অর্থাৎ, *Rice cooker*-এর মেশিনটা এমনভাবে *program* করা যে ভাত হওয়ার সাথে সাথেই এর তাপমাত্রা কমে আসে যার ফলে মেশিনটা রান্না করা বন্ধ করলেও ভাত ঠাণ্ডা হয়ে যায় না। তার মানে, এই ধরনের *Rice cooker*-এ তাপমাত্রা স্বয়ংক্রিয়ভাবেই নিয়ন্ত্রিত হয়।

Recent Bazar

### STEP - 22

দ্রুত প্রশ্নে যেয়ে মন দিয়ে পড়ে বুঝলাম একমাত্র **9**-এর বক্তব্যের সাথেই প্রদত্ত Passage-এ দেয়া *Rice cooker*-এর উপরের বৈশিষ্ট্য *match* করে। তার মানে, **9**-এর উত্তরও হবে: **(B)**।

### STEP - 23

এবার প্যাসেজে ফেরত যেয়ে C-এর শুরু থেকে মন দিয়ে পড়ে 2nd sentence-এ পেলাম:

*The interior pot is made of non-stick aluminium and is dishwasher safe.* (অর্থাৎ, *Rice cooker*-টির ভিতরের পাত্রটি *non-stick* অ্যালুমিনিয়াম দ্বারা তৈরি এবং এটি *dishwasher safe*, মানে পাত্রটিকে সহজেই *dishwasher*-এর মধ্যে রাখা যায়।)

## STEP - 24

এবার প্রশ্নে ফিরে গিয়ে বাকি statements-গুলো মন দিয়ে পড়লাম এবং *dishwasher*-এর উপরের বৈশিষ্ট্যটি খুঁজে পেলাম সর্বশেষ বক্তব্যটিতে অর্থাৎ, **14**-এ: *You can put the pot in the dishwasher.*

অতএব, **14**-এর উত্তর: **C**।

## STEP - 25

প্যাসেজে ফেরত যেয়ে D-এর শুরু থেকে মন দিয়ে পড়ে 2nd ও 3rd line-এ পেলাম:

*It has a lift-off lid and comes with a booklet including a range of ideas for rice dishes.*

অর্থাৎ, এই ধরনের *Rice cooker*-এর সাথে চালের বিভিন্ন খাবারের রেসিপি সংবলিত একটি *booklet* বা পুস্তিকা দেয়া হয়।

***Synonym***

## STEP - 26

প্রশ্নে যেয়ে বাকি Statements-গুলো মন দিয়ে পড়ে 11-তে পেলাম: *A selection of recipes is provided with the cooker.*

তার মানে, **11**-এর answer: **D**।

### শব্দের অর্থ

***range*** = বিচিত্র ধরনের জিনিসের সমাহার।
***selection*** = (বিভিন্ন ধরনের জিনিসের একটা) সংগ্রহ যেখান থেকে *choose* করা যায়।

## STEP - 27

যেহেতু একই para-তে দুটি প্রশ্নের answer থাকতে পারে, তাই **D**-এর পরের লাইনগুলোও মন দিয়ে পড়তে থাকলাম। পড়তে পড়তে Last line-এ পেলাম:

‘*...... the handles are tricky to grip.*’



(***Grip*** (গ্রিপ্) = শক্ত করে ধরা)

তার মানে, এই ধরনের *Rice cooker*-এর *handles* বা হাতলগুলো বেশ *tricky* অর্থাৎ, কঠিন শক্ত করে ধরার জন্য। মানে, হয়তো পিছলিয়ে যায়, বা ঠিকমতো মুষ্ঠি করে ধরা যায় না ইত্যাদি।

Recent Bazar

## STEP - 28

দ্রুত প্রশ্নে যেয়ে একেবারে প্রথম বক্তব্যটি মন দিয়ে পড়লাম: *The handles at the side are hard to use.*

বোঝাই যাচ্ছে **7**-এর উত্তর হবে **(D)**।

## STEP - 29

এবার **E**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম:

*This is simple to use, not spitting or boiling over even when cooking brown rice.*

অর্থাৎ, এই *Rice cooker*-টি ব্যবহার করা সহজ, এটি শব্দ করে না ও ছিট্‌কে ফেলে না কিংবা বেশি ফুটে পাত্রের কিনার বেয়ে উপচে পড়ে না এমনকি যখন এটা বাদামি চাউলও রান্না করে। তার মানে, *cooker*-টি কোনো সমস্যা ছাড়াই বাদামি চাল রান্না করতে পারে।

***spit*** (স্পিট্) = শব্দ করা ও তেল / চর্বি ইত্যাদি ছিট্‌কে ফেলা।
***boil over*** = বেশি ফুটার কারণে পাত্রের কিনার বেয়ে উপচে পড়া।

## STEP - 30

প্রশ্নের **8** এবং **13** এই দুটো বক্তব্য এখন বাকি আছে। **8**-এর বক্তব্যটা *Rice cooker*-এর উপরের বৈশিষ্ট্যের সংগে মিলে যায়। **8.** *It cooks brown rice without making a mess.*
অতএব, **8**-এর উত্তর হবে **E**।

## STEP - 31

Passage-এ ফেরত যেয়ে **E**-এর পরের sentence-টাও মন দিয়ে পড়লাম:

*The exterior stays cool when in use, so there's no danger of burning your hand.*

অর্থাৎ, *Rice cooker*-এর বাইরের দিকটা ঠাণ্ডা থাকে যখন এটি ব্যবহার করা হয়, কাজেই আপনার হাত পুড়ে যাওয়ার কোনো আশংকা নেই।

## STEP - 32

প্রশ্নে যেয়ে **13**-এর বক্তব্যটা মন দিয়ে পড়লাম: *The outside of the cooker doesn't get too hot.*

বোঝাই যাচ্ছে, **13**-এর উত্তরও হবে **E**।

Recent Bazar